

# ববি উপাচার্য ও প্রক্টরের পদত্যাগের দাবিতে বিক্ষোভ

বরিশাল অফিস

১৯ আগস্ট,  
২০২৪ ২০:০৫

শেয়ার

অ +

অ -



বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রক্টরের পদত্যাগের দাবিতে শিক্ষার্থীদের বিক্ষোভ। ছবি : কালের কণ্ঠ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও প্রক্টরের পদত্যাগের দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন শিক্ষার্থীরা।

সোমবার (১৯ আগস্ট) দুপুর ১টায় একাডেমিক ভবনের নিচতলায় সমাবেশ করেন তারা। সমাবেশে আগামী ২৪ ঘণ্টার

মধ্যে তাদের পদত্যাগ করার আলটিমেটাম দেন শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা জানান, বর্তমান উপাচার্য (ভিসি) এবং প্রক্টর আন্দোলন চলাকালীন নানাভাবে শিক্ষার্থীদের হয়রানি করেছেন।

এমনকি তাদের বিরুদ্ধে দুর্নীতি-অনিয়মের নানা অভিযোগ থাকলেও সব সময় ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের তাঁবেদারি করার কারণে কোনো প্রশ্নের সম্মুখীন হননি তারা। এই ভিসি এবং প্রক্টর যত দিন শিক্ষার্থীদের ঘাড়ে চেপে থাকবেন, তত দিন সত্যিকারের স্বাধীনতার স্বাদ বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পাবেন না।

শিক্ষার্থীরা আরো বলেন, 'বিশ্ববিদ্যালয় প্রশাসন কখনো চলত বরিশাল সিটি করপোরেশনের সাবেক দুই মেয়রের কথায় আবার কখনো চলত সদর সাংসদের কথায়। বিশ্ববিদ্যালয়ের ভিসি-প্রক্টরসহ অনেক শিক্ষককে বিশ্ববিদ্যালয়ের চেয়ে আওয়ামী লীগের নেতাদের বাসায় বেশি দেখা যেত।

এসব বিষয় কখনোই সাধারণ শিক্ষার্থীরা ভালোভাবে নেননি।'

সমাবেশে তাদের দুজনকে আগামী ২৪ ঘণ্টার মধ্যে পদত্যাগের আলটিমেটাম দেন বিক্ষুব্ধ শিক্ষার্থীরা। অন্যথায় বিশ্ববিদ্যালয় প্রশাসনের সব স্তরে আওয়ামী লীগের শাসনামলে নিযুক্ত ব্যক্তিদের গণপদত্যাগের সম্মুখীন করা হবে বলেও হুঁশিয়ারি দেন তারা।

